



আজ ঢাকায় রবীন্দ্র সরোবরে গান করবেন আসিফ মাহমুদ



আসিফ মাহমুদ। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া আজ শুক্রবার (২০ মার্চ) ঢাকার রবীন্দ্র সরোবর প্রাঙ্গণে গান পরিবেশন করবেন। ঢাকায় নাগরিক উদ্যোগে আয়োজন করা তিনদিনব্যাপী ঈদ উৎসবের প্রথম দিনের সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নেবেন তিনি।

উৎসব আয়োজক কমিটি জানিয়েছে, ঢাকার প্রাচীন নাগরিক ঐতিহ্য ও উৎসব সংস্কৃতি পুনরুজ্জীবিত করাই এই আয়োজনের মূল উদ্দেশ্য। প্রথম দিনে মেহেদি উৎসব ও সাংস্কৃতিক সন্ধ্যা থাকবে, আর ঈদের দিন হাইকোর্ট প্রাঙ্গণ থেকে শুরু হবে বর্ণিল ঈদ মিছিল।

উৎসবের শেষ দিনে, রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যান প্রাঙ্গণে ঘুড়ি উৎসবের আয়োজন করা হয়েছে। বিভিন্ন বয়সী মানুষ আকাশজুড়ে রঙিন ঘুড়ি উড়িয়ে ঈদের আনন্দ উদযাপন করবেন।

LENS ASIA